রেজিঃ উইথ এ/ডি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৪-৬৭

তারিখ: ২৬-১২-১৪৩১ বঙ্গাব্দ
০৯-০৪-২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

যেহেতু, আপনি জনাব ডি.এম. অহিদুননবী রাতিন, জুনিয়র অডিটর, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা দপ্তরে কর্মরত থেকে বিগত ২০.১০.২০২২ খ্রিঃ তারিখ হতে দপ্তরের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। আপনি দপ্তরের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা না করে অব্যাহতভাবে দাপ্তরিক কাজে অনুপস্থিত রয়েছেন, যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের পর্যায়ে পড়ে যা সুষ্ঠু নিয়ম শৃঙ্খলা পরিপন্থী এবং এরূপ কার্যের জন্য আপনার উপর যে কোন দণ্ড আরোপযোগ্য।

২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দণ্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৪-৩১৮; তারিখঃ ৩০.০৭.২০২৪ খ্রি: মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৪-৩৫৮; তারিখঃ ০৩.০৯.২০২৪ খ্রি: মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায়.আপনি দোষী সাব্যস্ত হয়েছেন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে বাপাউবো'র চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার উপর কেন "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

০৯/০৪/২০২৫

(শেখ মাসুদুল হক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৬০১০০৬

**প্রাপকঃ**

১। জনাব ডি.এম. অহিদুননবী রাতিন, জুনিয়র অডিটর, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। জনাব ডি.এম. অহিদুননবী রাতিন, পিতা- জনাব ডি.এম. সামসুদ্দিন, হাউজ নং-৫/৬, লেন-২, ব্লক-এ, ওয়ার্ড-৮, রোড-৮, বাউনিয়া বাজার, তুরাগ, উত্তরা, ঢাকা-১২৩০।

**কার্যার্থে/জ্ঞাতার্থেঃ**

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

E:\Quddus\Showcause.docx23